শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

# Cox's Bazar Palli Bidyut Samity

মুজিব শতবর্ষ MUJIB 100

স্থাপিত ১৯৯১ইং কক্সবাজার
ISO 9001 : 2015 CERTIFIED

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংজা, কক্সবাজার।

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

স্মারক নং-২৭.১২.২২২৪.৫৪৩.০১.০৩৮.২৩.১১০১ তারিখ : ০৫ চৈত্র ১৪২৯ বাংলা
১৯ মার্চ ২০২৩ খ্রিঃ

**বিষয়: অফিস ভবন , রেস্টহাউজ, মসজিদ ও আবাসিক ভবনের বাহিরের দেয়াল ওয়েদার কোট ও স্কেটিং রং করণের দরপত্র বিজ্ঞপ্তি।**

পর্যটন সমুদ্ধ এলাকা হওয়ায় অফিস স্থাপনা ও আঙ্গিনা সমূহ সজ্জিত করনের অংশ হিসেবে কক্সবাজার পবিসের নিজস্ব তহবিলের আওতায় অত্র পবিসের অফিস ভবন, সি-টাইপ ভবন, ভিআইপি রেস্ট হাউজ, মসজিদ ও ডি-টাইপ ভবনসমূহের বাহিরের দেয়াল ওয়েদার কোট এবং স্কেটিং রং করনের জন্য নিম্নের বর্ননা ও শর্তানুযায়ী বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সিল মোহরকৃত খামে দরপত্র (RFQ) আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | বিবরন | একক | পরিমান | একক দর | মোট দর |
|---|---|---|---|---|---|
| ০১। | অফিস ভবন- ০২টি, সি-টাইপ ভবন- ০১টি, ডি-টাইপ ভবন- ০১টি, মসজিদ- ০১টি এবং ভিআইপি রেস্ট হাউজ- ০১টি এর বাহিরের দেয়াল ওয়েদার কোট করন | বর্গফুট | ৩১,৭০০ | | |
| ০২। | অফিস ভবন- ০২টি, সি-টাইপ ভবন- ০১টি, ডি-টাইপ ভবন- ০১টি এবং ভিআইপি রেস্ট হাউজ- ০১টি এর স্কেটিং এনামেল পেইন্ট করন | বর্গফুট | ২,৭৫৭ | | |
| | | | | সর্বমোট | |
| কথায়: | | | | | |

<u>দরপত্র গ্রহন ও খোলার স্থান এবং সময়সূচি</u>

| দরপত্র গ্রহন ও খোলার স্থান | সময়সূচি | | |
|---|---|---|---|
| ক) সদর দপ্তর, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার। | দরপত্র গ্রহনের শেষ তারিখ ও সময় | : | ২৭ মার্চ ২০২৩ খ্রিঃ রোজ সোমবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা। | দরপত্র খোলার তারিখ ও সময় | : | ২৭ মার্চ ২০২৩ খ্রিঃ রোজ সোমবার দুপুর ১২:০৫ ঘটিকা। |

**শর্তাবলী:**

০১। আগ্রহী দরদাতাগণ উপরে বর্ণিত সময়সীমার মধ্যে ব্যক্তিগত ভাবে উপস্থিত হয়ে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। ডাকযোগে/কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহন করা হবে না। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। উপর্যুক্ত ভবনসমূহের দেয়াল প্রথমে শিরিষ কাগজ দ্বারা ঘষে পুরাতন চুনকাম/ওয়েদার কোট/রং ও শেওলা ইত্যাদি সম্পূর্ণরূপে উঠিয়ে নিতে হবে। প্রয়োজনমত একই ব্রান্ডের ওয়াল পুটিং ব্যবহার করে সিরিষ কাগজ দ্বারা যথাযথভাবে ঘষে পবিস প্রতিনিধির তত্ত্বাবধানে দুই কোট ওয়েদার কোট করতে হবে। প্রথম কোট/প্রলেপ দেয়ার পর তা শুকালে দ্বিতীয় কোট/প্রলেপ দিতে হবে।

০৩। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে কক্সবাজার পবিসের প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করে কাজের সাইট পরিদর্শন করা যাবে।

০৪। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে "**<u>অফিস ভবন, রেস্টহাউজ, মসজিদ ও আবাসিক ভবনের বাহিরের দেয়াল ওয়েদার কোট ও স্কেটিং রং করণের দরপত্র</u>**" কথাটি লিখে খাম সীলগালা যুক্ত করতে হবে। দরপত্র সঠিকভাবে পূরন করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে।

০৫। ওয়েদার কোট করণের পূর্বে চুন/ময়লা অপসারন হয়েছে কি না তা পবিসের মনোনীত কর্মকর্তাকে দেখানোর পর সন্তোষজনক হলে প্রথম কোট ওয়েদার কোট করতে হবে। ব্যবহৃত ওয়েদার কোট বার্জার/এশিয়ান পেইন্টস কোম্পানীর উন্নত গুণগত মানসম্পন্ন হতে হবে এবং উল্লেখিত প্রতিষ্ঠানের স্থানীয় এজেন্ট এর নিকট হতে অত্র পবিসের প্রতিনিধির উপস্থিতিতে গুনগতমান সম্পন্ন মালামাল ক্রয় করতে হবে। ওয়েদার কোট করনের সময় যদি দেয়ালে কোন ফাটল বা গর্ত দেখা যায় তবে তা ভালভাবে সিলিং করে ওয়েদার কোট করতে হবে। বর্ণিত ভবন সমূহের নিচের অংশ কালো রং এর বার্জার/এশিয়ান পেইন্টস দিয়ে স্কেটিং রং করতে হবে। যাবতীয় কার্যাদি সন্তোষজনকভাবে সমাপ্তির পর কাজের মানের বিষয়ে কমিটির প্রত্যয়ন সাপেক্ষে বিল প্রদান করা হবে।

০৬। দরপত্র দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, দরপত্র জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৭। দরপত্র দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে নুন্যতম ৬০ (ষাট) দিন পর্যন্ত দরদত্র বৈধ থাকবে।

০৮। দরপত্রের সাথে হালনাগাদ (ক) ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট রেজিষ্ট্রেশন (গ) ব্যাংক সলভেন্সী ও (ঘ) আয়কর সনদ এর ফটোকপি প্রথম শ্রেনীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

০৯। ওয়েদার কোট করার সময় ভবনের যে কোন ক্ষতি সাধিত হলে (গ্লাস ভাংগা ও অন্যান্য) ক্ষতি পূরণ দিতে হবে। জানালা/ভেন্টিলেটেরে/ গ্লাসে রং/ময়লা লেগে থাকলে তা পরিষ্কার করে দিতে হবে।

১০। ভবন সমূহের ওয়েদার কোট রং ও এনামেল রং করনের কাজে ব্যবহৃত সরঞ্জাম (বাঁশ, রশি, ড্রাম, ব্রাশ ইত্যাদি) সহ অন্যান্য প্রয়োজনীয় মালামাল ঠিকাদার কর্তৃক সরবরাহ করতে হবে।

১১। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় কাজ সমাপ্ত করতে হবে। কার্যাদেশ প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে সমস্ত কাজ সম্পাদন করতে হবে।

১২। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহ সহ কার্য-সম্পাদনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পে-চেক এর মাধ্যমে সরাসরি বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী মোট বিল হতে ভ্যাট ও অন্যান্য কর কর্তন করা হবে।

১৩। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ পাওয়ার অনধিক ১০ (দশ) দিনের মধ্যে কাজ শুরু করতে হবে অন্যথায় কার্যাদেশ বাতিল করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পাদন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১৪। মোট বিল হতে নিরাপত্তা জামানত বাবদ ১০% অর্থ কর্তন করে রাখা হবে। যা ওয়েদার কোট এর গুনগত মান অক্ষুন্ন থাকা স্বাপেক্ষে কাজ সমাপ্তির ০১ (এক) বছর পর ফেরত প্রদান করা হবে।

১৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে ওয়েদার কোট কাজ করার সময় শ্রমিকের নিরাপত্তার বিষয়ে সকল দায়-দায়িত্ব বহন করতে হবে।

১৬। মূল্যায়ন কমিটি দরপত্রের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্র নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য দরপত্রের প্রয়োজন হবে।

১৭। দরপত্র বাছাইকালে উদ্ধৃত মূল্যে গানিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমান দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সে ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

১৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কক্সবাজার পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৯। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

19/03/23

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)</u>

০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।

০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।

০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।

০৪। পুলিশ সুপার, কক্সবাজার।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................পবিস-১/২/৩/৪।

০৬। নির্বাহী প্রকৌঃ, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।

০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।

০৮। ডিজিএম, টেকনাফ জোনাল অফিস, কক্সবাজার পবিস।

০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।

১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস।

(০৮-১০: নির্ধারিত তারিখে কক্সবাজার পবিসের সদর দপ্তরে উপস্থিত হয়ে প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়ন করবেন।)

১১। মেসার্স ..........................................................।

১২। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd

১৩। অফিস কপি/মাষ্টার ফাইল।

19/03/23.

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার

F:\Lipe-2020\Admine\01.038\OTM\Wather Coad-23\RFQ.docx